بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

19 February, 2011

Bangladesh diaspora can supplement Government effort to promote interests of Bangladesh abroad: Ambassador Qader

H.E. Mr. Akramul Qader, Ambassador of Bangladesh to USA and State Minister has called upon the Bangladesh diaspora to supplement the government's effort to promote interests of the country abroad. He said this while speaking at a community meeting in Philadelphia, Pennsylvania organized by various organizations on February 18.

The Ambassador in his speech specially touched on issues lying with the US administration which have significant implications on the trade and economy of Bangladesh. In this regard, he mentioned the Embassy's hectic lobbying for duty-free access of Bangladesh's ready-made garments in the US market. He also laid stress on the renewal of the GSP (Generalized System of Preferences) facilities to Bangladesh- an LDC, and early passage of the NPTDA(New Partnership for Trade Development Act)2009 bill at the new US Congress. While underlining on the rationale for the re-introduction of the NPTDA bill, Ambassador Qader maintained that its passage would also convey a positive message about US commitment to the LDCs. Ambassador Qader expressed satisfaction about recent introduction of a bill at the US Senate which aims at extending GSP facilities. He, however, expressed his concern about an amendment proposed in the bill which will have detrimental effect on the exports of some beneficiary countries in the US market. The Ambassador in this regard mentioned about his recent meetings with some US Congressmen who assured their readiness to help Bangladesh so that no harmful step is taken.

Akramul Qader urged the Bangladesh diaspora especially those having US nationality to play a more pro-active role in US politics and society which will eventually help them articulate their concerns and sensitize the administration about Bangladesh's core issues. Mr. Qader also

re-iterated full support of the Bangladesh Embassy and its two Consulates General to meet the various needs of the growing community.

Local community leaders also spoke on the occasion who included, among others, Dr Nina Ahmad, Chair, Mayor's Commission on Asian American Affairs, Dr. Ziauddin Ahmed, Mr. Abu Amin Rahman and Ms. Shelly Rahman. They assured to remain pro-actively engaged in furthering the interests of Bangladesh, and welcomed the initiative of the Embassy to unite the diaspora to that direction.

Ambassador Qader replied to various questions following the meeting which was attended by a good number of senior leaders of the Bangladesh diaspora. Elected Bangladeshi-American Council members were also present. While staying in Philadelphia, the Ambassador also visited the *Shahid Minar(mausoleum for martyrs)* erected by the local community in Philadelphia to observe the National Martyr's Day and International Mother Language Day on 21 February,2011. Mr. Md. Shameem Ahsan, Deputy Chief of Mission and Mr. M. Shafiqul Islam, Commercial Counselor were also present.

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail pressministerwash@yahoo.com

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

১৯ ফেব্রুয়ারী ২০১১

মার্কিন যুক্তরাষ্ট্রে বাংলাদেশের স্বার্থ সম্প্রসারণে প্রবাসীদের জোরালো ভূমিকা অপরিহার্য ঃ রাষ্ট্রদূত কাদের

মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের পেনসিলভেনিয়া অঙ্গরাজ্যের ফিলাডেলফিয়ায় প্রবাসী বাংলাদেশী আয়োজিত একটি মত বিনিময় সভায় জানান যে মার্কিন বাজারে বাংলাদেশের বাণিজ্যিক ও অর্থনৈতিক স্বার্থ সংরক্ষণে সরকারী উদ্যোগকে সার্থক করার ক্ষেত্রে প্রবাসীদের গঠনমূলক ভূমিকা অত্যন্ত তাৎপর্যপূর্ণ। মার্কিন বাজারে বাংলাদেশী পণ্যের শুল্কমুক্ত প্রবেশাধিকার নিশ্চিত করতে বিরাজমান জিএসপি সুবিধা অব্যাহত রাখা এবং মার্কিন কংগ্রেসে ইতোপূর্বে উত্থাপিত নিউ পার্টনারশীপ ফর ট্রেড ডেভেলপমেন্ট এ্যাক্ট ২০০৯ এর পুনঃউত্থাপন ও বাস্তবায়নের জন্য মার্কিন আইনপ্রণেতাদের ইতিবাচক ভূমিকার গুরুত্বের কথা তুলে ধরে রাষ্ট্রদূত কাদের জানান যে বাণিজ্য সংক্রান্ত এই দুইটি আইন এর সফল প্রয়োগ স্বল্পোন্নত দেশসমূহে মার্কিন ভাবমূর্তি উজ্জল করবে। রাষ্ট্রদূত কাদের প্রবাসী বাংলাদেশীদের নিকট শঙ্কা প্রকাশ করেন যে জিএসপি সুবিধা নবায়নের ক্ষেত্রে কতিপয় প্রস্তাবিত সংশোধনী বাংলাদেশের বাণিজ্য স্বার্থের পরিপন্থী হওয়ার সম্ভাবনা রয়েছে। রাষ্ট্রদূত কাদের এ প্রসংগে প্রবাসী বাংলাদেশীদেরকে জানান যে এ বিষয়টি তুলে ধরে তিনি কতিপয় মার্কিন আইন প্রণেতার সাথে সাম্প্রতিক সময়ে বৈঠক করেছেন এবং তাদের ইতিবাচক হস্তক্ষেপ কামনা করেছেন।

রাষ্ট্রদূত আকরামুল কাদের মার্কিন নাগরিকত্ব গ্রহনকারী বাংলাদেশী প্রবাসীদেরকে মার্কিন সমাজ ও মূল ধারার রাজনীতিতে অগ্রণী ভূমিকা পালন করার জন্য সচেষ্ট হবার এবং মার্কিন প্রশাসনকে বাংলাদেশের ন্যায়সংগত দাবী সম্পর্কে অবহিত করানোর জন্য আহ্বান জানান। প্রবাসী বাংলাদেশীদেরকে সকল প্রকার সহায়তা প্রদানের জন্য রাষ্ট্রদূত কাদের বাংলাদেশ দূতাবাস এবং দুই কনস্যুলেট জেনারেল এর কার্যালয় কর্তৃক সর্বোচ্চ সহায়তা প্রদানের আশ্বাস দেন। মতবিনিময় সভায় বক্তব্যপ্রদানকারী প্রবাসী বাংলাদেশীদের মধ্যে ছিলেন ফিলাডেলফিয়া মেয়রের এশিয়ান-আমেরিকান বিষয়ক কমিশনের চেয়ার ডঃ নীনা আহমেদ, ডঃ জিয়াউদ্দিন আহমেদ, জনাব আবু

আমিন রহমান এবং মিজ্ শেলী রহমান। প্রবাসী নেতৃবৃন্দ মার্কিন যুক্তরাষ্ট্রে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণে জোরালো প্রচেষ্টা চালানোর আশ্বাস দেন।

মতবিনিময়শেষে রাষ্ট্রদূত আকরামুল কাদের ফিলাডেলফিয়াতে প্রবাসী বাংলাদেশী কর্তৃক অমর একুশে উদ্‌যাপনের জন্য নির্মিত শহীদ মিনার পরিদর্শন করেন। দূতাবাসের উপ-মিশন প্রধান জনাব মোঃ শামীম আহ্‌সান এবং কমার্শিয়াল কাউন্সিলর জনাব মোঃ শফিকুল ইসলাম এ সময় রাষ্ট্রদূতের সাথে উপস্থিত ছিলেন।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন ঃ ২০২-২৪৪-৫০৭১, ফাক্স ঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল ঃ pressministerwash@yahoo.com